

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০৭.৩৪.০০৭.১৮-

২০২৩


তারিখঃ ২০/০৫/১৪২৭ বঃ
২৩/০৮/২০২০ খ্রিঃ

ইঞ্জিনিয়ারিং/কনসাল্টিং ফার্মসমূহকে জানানো যাচ্ছে যে, Fire safety plan এর নকশা তৈরির সময় নিম্নোবর্ণিত বিষয়গুলো প্রায়শই উল্লেখ থাকে না বিধায় প্রস্তাবিত ও বিদ্যমান আবাসিক/বাণিজ্যিক/শিল্প কারখানা সহ সকল অকুপেপ্সি টাইপ ভবনের ফায়ার সেফটি প্ল্যান/অনাপত্তি ছাড়পত্রের আবেদন পত্রের সাথে নিম্নোক্ত বিষয়গুলো উল্লেখ ও সংযুক্ত করতে হবে।

ফায়ার সেফটি প্ল্যানের মূল নকশায় প্রয়োজনীয় তথ্যাবলীঃ-

- ১। নকশায় ও বুকলেটের ১ম পাতায় ভবনের ফ্লোর ভিত্তিক আয়তন, ফ্লোর সংখ্যা এবং শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে ভবনের সংখ্যা, প্রত্যেকটি ভবনের আয়তন অবশ্যই উল্লেখ করতে হবে। প্রতিটি ফ্লোরের আয়তনের পাশাপাশি ফ্লোরটি কি কাজে ব্যবহৃত হবে তা উল্লেখ করতে হবে।
- ২। নকশার প্রতি পাতার উপরে মধ্যখানে ফ্লোরের নাম্বার ও কি কাজে ব্যবহৃত হবে তা উল্লেখ করতে হবে। যেমন 4th Floor- Office Space.
- ৩। বিদ্যমান ভবনের ফায়ার সেফটি প্লানে যে সকল সরঞ্জামাদি নতুনভাবে সংযোজন করা হবে সেগুলো লাল রং ব্যবহার করে নকশায় প্রদর্শন করতে হবে।
- ৪। বিদ্যমান ভবনের ক্ষেত্রে ভবনের নির্মাণ সমাপ্তের সাল উল্লেখ করতে হবে।
- ৫। বিদ্যমান ভবনের ক্ষেত্রে বাংলাদেশের সর্বশেষ প্রবর্তিত বিল্ডিং কোড এর নীতিমালা অনুসরণ করে নকশা অনুযায়ী ফায়ার সেফটি প্ল্যানের সকল সরঞ্জামাদি পরবর্তী ০৬ (ছয়) মাসের মধ্যে স্থাপন করা হবে মর্মে ৩০০/- টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্প একটি প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- ৬। Fire safety plan এর নকশার ব্যাপারে প্রস্তুতকারী মালিক কর্তৃক অজ্ঞিকারনামা প্রদান করতে হবে।
- ৭। নকশার কাভার পেজে প্রস্তাবিত ভবনের বা প্রতিষ্ঠানের ঠিকানা বড় ফন্টে লিখতে হবে।
- ৮। নকশার প্রতি পাতার ডান কোণায় মাস ভিত্তিক ক্রমিক নং উল্লেখ করতে হবে। উদাহরণ- রুটস ডেভেলপমেন্ট/ফেব্রুয়ারী- ৩/২০২০ (রুটস ডেভেলপমেন্ট/ ফেব্রুয়ারী- ৩/২০২০ বলতে কনসাল্টিং ফার্ম রুটসের ২০২০ সালের ফেব্রুয়ারী মাসের ৩য় আবেদন বুঝাবে)।
- ৯। প্রতিটি ইঞ্জিনিয়ারিং/কনসাল্টিং ফার্মের নিজস্ব লোগো প্রতি পাতায় দৃশ্যমান থাকতে হবে।
- ১০। বিভিন্ন ভবন অনুমোদনকারী সংস্থা যেমন- সিটি কর্পোরেশন/রাজউক/চউক/পৌরসভা ইত্যাদির অনুমোদন পত্র দাখিল করতে হবে।
- ১১। সুউচ্চ ভবনের ক্ষেত্রে সিভিল এভিয়েশন কর্তৃপক্ষের ছাড়পত্র দাখিল করতে হবে।
- ১২। Fire safety plan এবং নকশায় নিম্নবর্ণিত ব্যক্তিদের স্বাক্ষর থাকতে হবে।
 - (ক) ভবন/প্রতিষ্ঠানের মালিকের স্বাক্ষর।
 - (খ) ইঞ্জিনিয়ারিং ফার্ম/নকশা ও বুকলেট প্রস্তুতকারী প্রতিষ্ঠানের স্বাক্ষর (সীলমোহরসহ)।
 - (গ) ইঞ্জিনিয়ার ও স্থাপতির স্বাক্ষর (MIEB, IAB নম্বর ও সীলমোহরসহ)।
 - (ঘ) Fire Professional এর স্বাক্ষর (সীলমোহরসহ) থাকতে হবে। Fire Professional তাঁকে গণ্য করা হবে যে কর্মকর্তা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগে চাকুরী করেছেন এবং তাঁকে অবশ্যই প্রথম শ্রেণীর অবসর প্রাপ্ত কর্মকর্তা হতে হবে।

সংযুক্তিঃ ১। ক্রোড়পত্র ২ (দুই) পাতা।


২৭/৪/২০

লেঃ কর্ণেল জিল্লুর রহমান, পিএসসি
পরিচালক (অপাঃ ও মেইনঃ)
ফোন- ৯৫৫৮০৮৫

বিতরণ সদয় জ্ঞাতার্থেঃ-

- ১। সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। ফোকাল পয়েন্ট, আইসিটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। তাকে বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০৭.৩৪.০০৭.১৮- ২০২৭৫

তারিখঃ ২০/০৫/১৪২৭ বঃ
২৫/০৮/২০২০ খ্রিঃ

ইঞ্জিনিয়ারিং/কনসাল্টিং ফার্মসমূহকে জানানো যাচ্ছে যে, হাসপাতাল/সুউচ্চ বহতল ভবন/কেমিক্যাল গোডাউনের Fire safety plan এর নকশা তৈরির সময় নিম্নোবর্ণিত বিষয়গুলো প্রায়শই উল্লেখ থাকে না বিধায় Fire safety plan এর অন্যান্য নির্দেশাবলীর পাশাপাশি হাসপাতাল/সুউচ্চ বহতল ভবন/কেমিক্যাল গোডাউন সহ সকল অকুপেন্সি টাইপ ভবনের ফায়ার সেফটি প্ল্যান/অনাপত্তি ছাড়পত্রের আবেদন পত্রের সাথে নিম্নোক্ত বিষয়গুলো উল্লেখ ও সংযুক্ত করতে হবে।

হাসপাতাল/সুউচ্চ বহতল ভবন/কেমিক্যাল গোডাউনের ক্ষেত্রে প্রয়োজনীয় ফায়ার সেফটি বিষয়ক তথ্যাবলীঃ-

১. আবাসিক/বাণিজ্যিক ও হাসপাতাল এক সাথে হলে এর জন্য আলাদা আলাদা Entry/Exit থাকতে হবে।
২. হাসপাতাল এবং আবাসিক/বাণিজ্যিক ফ্লোর এর নাম সহ নকশায় আলাদা আলাদাভাবে প্রদর্শন করতে হবে।
৩. কেমিক্যালের ধরণ ও প্রকৃতি অনুযায়ী আলাদা আলাদা স্টোরেজ নকশায় প্রদর্শন করতে হবে। প্রতিটি কেমিক্যাল স্টোরেজ ভিন্ন ভিন্ন কালার করে দেখাতে হবে। ৪ ঘন্টা ফায়ার রেটেড দেয়াল স্থাপন করতে হবে।
৪. হাসপাতাল ভবনের ছাদে হেলিপ্যাডের ব্যবস্থা রাখতে হবে।
৫. বাফার ফ্লোরে/ভবনের মধ্যবর্তী ফ্লোরে ইন্টারমিডিয়েট ফায়ার পাম্প ও ওয়াটার রিজার্ভার ব্যভস্থা করতে হবে।
৬. আর্কিটেকচার ইঞ্জিনিয়ার, স্ট্রাকচারাল কনসালটেন্ট রেজিস্ট্রেশন নাম্বার সহ সিল স্বাক্ষর থাকতে হবে।
৭. এ্যাম্বুলেন্স এর জন্য আলাদা পার্কিং ব্যবস্থা রাখতে হবে। এখানে অন্য কোন গাড়ি পার্কিং করা যাবে না।
৮. হাসপাতালের ক্ষেত্রে স্ট্রেচার Ramp- এর ব্যবস্থা রাখতে হবে (১:১২)।
৯. ফায়ার প্রফেশনাল এর সিল সহ স্বাক্ষর থাকতে হবে।
১০. যে সমস্ত ফ্লোরগুলো হাসপাতাল হিসাবে ব্যবহার হবে সেগুলো রো আপ করে আলাদা আলাদা ভাবে দেখাতে হবে।
১১. স্মোক ম্যানেজমেন্ট আলাদাভাবে ড্রয়িং এ দেখাতে হবে।
১২. ওয়াসটেজ অপসারণের ব্যবস্থা আলাদাভাবে দেখাতে হবে।
১৩. হাসপাতালের রান্না ঘরে গ্যাস সিলিন্ডারের নিরাপত্তা ব্যবস্থা আলাদাভাবে দেখাতে হবে।
১৪. হাসপাতালের মেডিকেল গ্যাসের সরবরাহের লাইনের নকশা আলাদাভাবে ব্যবস্থা করতে হবে।
১৫. এয়ার কন্ডিশন ডাক্ট লাইনে আলাদা মোটরাইজ ডাম্পার লাগাতে হবে।
১৬. এসএলডি আলাদাভাবে দেখাতে হবে।
১৭. প্রতি ফ্লোরে ডিসকানেকশন থাকতে হবে। Lighting circuit, air condition, Exhaust Fan, Vantilation, Plug load circuit আলাদা আলাদা হবে।
১৮. স্ট্যান্ড বাই জেনারেটর সেফটি সিস্টেম এর সাথে কানেকটেড থাকতে হবে।
১৯. Pa system টি Fire alarm control room ও Fire lift এর সাথে Integrated/সমন্বয় করে আলাদাভাবে নকশায় প্রদর্শন করতে হবে।
২০. অধিক নিরাপত্তার স্বার্থে Ramp এ সাইড স্প্রিংকলার ব্যবস্থা রাখতে হবে।
২১. হাসপাতালের Radiation room Basement এ স্থাপন করতে হবে। রুমটির চতুর্দিকে 1.2 মিটার RCC wall স্থাপন করতে হবে।



লেঃ কর্ণেল জিল্লুর রহমান, পিএসসি
পরিচালক (অপাঃ ও মেইনঃ)
ফোন- ৯৫৫৮০৮৫

বিতরণ সদয় জ্ঞাতার্থেঃ-

- ১। সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। ফোকাল পয়েন্ট, আইসিটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

“ফায়ার সেফটি প্ল্যানে মৌলিক যে সকল বিষয় অন্তর্ভুক্ত থাকবে”

১। বেজমেন্ট ফ্লোর প্ল্যানঃ

- বেজমেন্ট ফ্লোর কার পার্কিং ব্যতিত অন্য কোন কাজে যেমন স্টোর/মালগুদাম হিসেবে ব্যবহার করা যাবে না।
- বেজমেন্ট ফ্লোর প্ল্যানে অবশ্যই ভেন্টিলেশন থাকতে হবে।
- পাম্পরুম ব্যতিত জেনারেটর, সুইচগিয়ার, সাব-স্টেশন, বয়লাররুম বেজমেন্ট-এ রাখা যাবে না।
- বেজমেন্ট র‍্যাম্প স্লোপ অবশ্যই ১ঃ৮ হতে হবে।
- বেজমেন্ট সিঁড়ি প্রতি ২০মিঃ পর পর হবে।
- বেজমেন্ট ফ্লোর এরিয়া ৭৫০ বর্গ মিটারের উর্ধ্বে হলে সেপারেশনের ব্যবস্থা করতে হবে।
- বেজমেন্ট-এ পর্যাপ্ত আলো এবং প্রতি ১০০ বর্গফুট এলাকার জন্য স্বয়ংক্রিয় স্প্রিংকলার ব্যবস্থা থাকতে হবে।

২। গ্রাউন্ড ফ্লোর প্ল্যানঃ

- জেনারেটর, সুইচগিয়ার, সাব-স্টেশন, ফায়ার কন্ট্রোলরুম গ্রাউন্ড ফ্লোরে হতে হবে।
- জেনারেটর, সুইচগিয়ার, সাব-স্টেশন, ফায়ার কন্ট্রোলরুম ৪ ঘন্টা ফায়ার রেটেড ওয়াল এবং ২ ঘন্টা ফায়ার রেটেড ডোর দ্বারা সেপারেটেড থাকবে।
- জেনারেটর, সুইচগিয়ার, সাব-স্টেশন রুম এফ.এম.-২০০ সাপ্রেসন সিস্টেম দ্বারা সুরক্ষিত থাকবে।
- গ্রাউন্ড ফ্লোরে ফায়ার ব্রিগেড কানেকশন থাকবে ডায়ামিটার (৬৩ মিঃমিঃ)।
- সকল সিঁড়ি গ্রাউন্ড ফ্লোর থেকে শুরু হবে এবং তা ছাদে গিয়ে খুলবে।

৩। অন্যান্য ফ্লোর প্ল্যানঃ

- সকল ফ্লোরে প্রতি ১০০০ বর্গফুট এলাকার জন্য ১টি এবং তদুর্ধ্বে এলাকার জন্য অতিরিক্ত ১টি বহনযোগ্য অগ্নিনির্বাপক যন্ত্র সংরক্ষণ করতে হবে।
- বহনযোগ্য অগ্নিনির্বাপক যন্ত্রগুলো জরুরী বহির্গমন পথে এবং সহজে প্রবেশযোগ্য স্থানে হতে হবে।
- বহনযোগ্য অগ্নিনির্বাপক যন্ত্রগুলোর মধ্যে ডিসিপি ও সিওটু এর অনুপাত হবে ৭০ঃ৩০।
- প্রতিটি ফ্লোরে স্মোক/হিট/মাল্টিডিটেক্টর স্থাপন করতে হবে।
- প্রতিটি ১০০ বর্গফুট ফ্লোর এলাকার জন্য ১টি এবং বর্ধিতাংশের জন্য অতিরিক্ত ১টি স্বয়ংক্রিয় স্প্রিংকলার হেড স্থাপন করতে হবে।
- প্রতিটি ফ্লোরে পর্যাপ্ত সংখ্যক ইমার্জেন্সি লাইট, স্ট্রোবলাইট, এলার্ম বেল, ম্যানুয়াল কলপয়েন্ট এবং এক্সিট সাইনেজের ব্যবস্থা থাকতে হবে।
- প্রতিটি ১০০০ বর্গফুট ফ্লোরের জন্য ১টি ৩৮ মিঃমিঃ হোজরিল এবং তদুর্ধ্বে এলাকার জন্য অতিরিক্ত আরও ১টি হোজরিল কানেকশন স্থাপন করতে হবে।
- প্রতিটি ফ্লোরের সিঁড়ির লবিতে ল্যান্ডিং ভালুসহ ৬৩ মিঃমিঃ ডায়ামিটার ইন্টারনাল হাইড্রেন্ট কানেকশন থাকতে হবে।

৪। ছাদ প্ল্যানঃ

- ছাদের বৃষ্টির পানি নিষ্কাশন স্লোপ ১ঃ২০০ অনুপাতে হবে।
- ছাদে বজ্র নিরোধক ব্যবস্থা থাকতে হবে। (২০ ফুট পর পর)
- ১৫০ ফুটের উর্ধ্বে হলে এভিয়েশন লাইট থাকবে।
- ছাদে ওভারহেড ওয়াটার রিজার্ভারের পাশাপাশি লিফট মেশিনরুম এবং তাতে গমনাগমনের পথ প্রদর্শন করতে হবে।

৫। সেফটি লবি ঃ

- সকল ফায়ার স্টেয়ার ও ফায়ার লিফটের সাথে ৪ ঘন্টা ফায়ার রেটেড ওয়াল এবং ২ ঘন্টাফায়ার রেটেড ডোর দ্বারা সুরক্ষিত সেফটি লবি থাকবে। সকল সেফটি লবি অবশ্যই পজিটিভ এয়ার প্রেসারাইজড হতে হবে।

৬। পাম্প রুম ঃ

- পাম্পরুমে ১টি মেইন, ১টি স্ট্যান্ডবাই এবং জকি পাম্প অবশ্যই থাকতে হবে।
- প্ল্যানে অবশ্যই পাম্প জিপিএম উল্লেখ করতে হবে।
- পাম্পের সাকশন পজিটিভ থাকতে হবে।

৭। ফায়ার স্টেয়ারঃ

- সকল ফায়ার স্টেয়ার ৪ ঘন্টা ফায়ার রেটেড ওয়াল ও ২ ঘন্টা ফায়ার রেটেড ডোর দ্বারা এবং পজিটিভ এয়ার প্রেসার দ্বারা সুরক্ষিত থাকবে।
- ফায়ার স্টেয়ারের ন্যূনতম প্রশস্ততা ১.৫মিঃ এর কম হবেনা।

৮। রাইজার ডায়গ্রামঃ

- প্ল্যানে অবশ্যই স্ট্যান্ডপাইপ রাইজার ডায়ামিটার উল্লেখ করতে হবে।
- আন্ডার গ্রাউন্ড এবং ওভারহেড ওয়াটার রিজার্ভারের আয়তন ও ক্যাপাসিটি উল্লেখ করতে হবে।
- পাম্প লে-আউট, গ্রাউন্ড ফ্লোরে ফায়ার ব্রিগেড কানেকশন, প্রতিটি ফ্লোরে ৩৮মিঃমিঃ হোজরিল এবং ৬৩ মিঃমিঃ ইন্টারনাল হাইড্রেন্ট পয়েন্ট উল্লেখ করতে হবে।

৯। বয়লার রুম ঃ

- বয়লার রুম অবশ্যই ভবন থেকে বাহিরে হতে হবে এবং ৪ ঘন্টা ফায়ার রেটেড আরসিসি ওয়াল ও ২ ঘন্টাফায়ার রেটেড দরজা দ্বারা সুরক্ষিত থাকবে।

১০। রাস্তাঃ

- ভবনের সম্মুখের রাস্তার প্রশস্ততা ন্যূনতম ৯ মিঃ এর এবং ভবনের চতুর্পাশে কমপক্ষে ৪.৫মিঃ প্রশস্ত রাস্তা থাকতে হবে। যার উর্ধ্বে ক্লিয়ারেন্স ৫ মিঃ এর কম হবে না।